

☰ মারইয়াম | Maryam | مَرْيَم

আয়াতঃ ১৯ : ২৭

📖 আরবি মূল আয়াত:

فَأَتَتْ بِهِ قَوْمَهَا تَحْمِلُهَا ۖ قَالُوا يَمْرَأَتُ لَقَدْ جِئْتَ شَيْئًا فَرِيًّا ﴿٢٧﴾

A অনুবাদসমূহ:

তারপর সে তাকে কোলে নিয়ে নিজ কওমের নিকট আসল। তারা বলল, ‘হে মারইয়াম! তুমি তো এক অদ্ভুত বিষয় নিয়ে এসেছ’! — আল-বায়ান

অতঃপর সে তার সন্তানকে বয়ে নিয়ে তার সম্প্রদায়ের কাছে আসল। তারা বলল, ‘হে মারইয়াম! তুমি তো এক অদ্ভুত জিনিস নিয়ে এসেছ’! — তাইসিরুল

অতঃপর সে সন্তানকে নিয়ে তার সম্প্রদায়ের নিকট উপস্থিত হল; তারা বললঃ হে মারইয়াম! তুমিতো এক অদ্ভুত কাণ্ড করেছ! — মুজিবুর রহমান

Then she brought him to her people, carrying him. They said, "O Mary, you have certainly done a thing unprecedented. — Sahih International

২৭. তারপর সে সন্তানকে নিয়ে তার সম্প্রদায়ের কাছে উপস্থিত হল; তারা বলল, হে মারইয়াম! তুমি তো এক অঘটন করে বসেছ।(১)

(১) আরবী ভাষায় এ শব্দটির আসল অর্থ, কর্তন করা ও চিরে ফেলা। যে কাজ কিংবা বস্তু প্রকাশ পেলে অসাধারণ কাটাকাটি হয় তাকে فرى বলা হয়। [কুরতুবী] উপরে সেটাকেই ‘অঘটন’ অনুবাদ করা হয়েছে। শব্দটির অন্য অর্থ হচ্ছে, বড় বিষয় বা বড় ব্যাপার। [ইবন কাসীর]

তাকসীরে জাকারিয়া

(২৭) অতঃপর সে সন্তানকে নিয়ে তার সম্প্রদায়ের নিকট উপস্থিত হল; তারা বলল, ‘হে মারইয়াম! তুমি তো এক অদ্ভুত কাণ্ড করে বসেছ।

তাকসীরে আহসানুল বায়ান

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন